# আইএমএফের সঙ্গে নতুন ঋণ কর্মসূচিতে যাচ্ছে বাংলাদেশ: অর্থমন্ত্রী




আমীর খসরু মাহমুদ। ছবি: সংগৃহীত

আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) সঙ্গে নতুন ঋণ কর্মসূচিতে যুক্ত হওয়ার বিষয়ে আলোচনা এগিয়ে চলছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, এ কর্মসূচির আওতায় ঋণের কাঠামো ও নীতিগত বিষয়গুলো বর্তমানে চূড়ান্ত করার প্রক্রিয়া চলছে।

সোমবার (১৩ জুলাই) সচিবালয়ে সফররত আইএমএফ প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য জানান। প্রতিনিধি দলটির নেতৃত্ব দেন আইএমএফ মিশন প্রধান ইভো ক্রুজনার।

অর্থমন্ত্রী বলেন, সম্ভাব্য নতুন কর্মসূচির অংশ হিসেবে আইএমএফ বিভিন্ন খাতে ধাপে ধাপে সংস্কারের পরামর্শ দিয়েছে। তবে এসব বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে দেশের অর্থনৈতিক বাস্তবতা এবং সাধারণ মানুষের স্বার্থকে অগ্রাধিকার দেওয়া হবে।

তিনি আরও বলেন, নির্বাচিত সরকারের জনগণের প্রতি যে দায়বদ্ধতা রয়েছে, আইএমএফও সেই বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করছে।

বৈঠকে দেশের অর্থনীতির কয়েকটি গুরুত্বপূর্ণ সূচকে অগ্রগতির বিষয়েও আলোচনা হয়। বিশেষ করে পুঁজিবাজারের উন্নয়ন এবং কর-জিডিপি অনুপাত বৃদ্ধির ক্ষেত্রে সন্তোষ প্রকাশ করেছে আইএমএফ। একই সঙ্গে এসব খাতে আরও অগ্রগতির ওপর গুরুত্বারোপ করেছে সংস্থাটি।

অর্থমন্ত্রী জানান, আগামী অক্টোবরে থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিতব্য আইএমএফ ও বিশ্বব্যাংকের বার্ষিক সভায় নতুন ঋণ কর্মসূচি নিয়ে সংস্থাটির শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে আরও বিস্তারিত আলোচনা হবে। ওই বৈঠকে বাংলাদেশের পক্ষ থেকে তিনি অংশ নেবেন বলেও জানান।

LENS ASIA